নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814
www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২১৩ ১৭ জুলাই ২০২৫

**<u>সংবাদ বিজ্ঞপ্তি</u>**

## নোবিপ্রবিতে ‘বাংলাদেশে সুশাসন ও জনপ্রশাসন: দক্ষতা এবং শিক্ষার সমন্বয় সাধন’ শীর্ষক সেমিনার

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দের অংশগ্রহণে ‘বাংলাদেশে সুশাসন ও জনপ্রশাসন: বাজার চাহিদার সঙ্গে দক্ষতা এবং শিক্ষার সমন্বয় সাধন’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার (১৭ জুলাই ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে আইকিউএসি সম্মেলন কক্ষে এ সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ। সেমিনারে কি-নোট স্পিকার হিসেবে ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের পাবলিক এ্যাডমিনিস্ট্রেশন বিভাগের অধ্যাপক ও শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. মোসলেউদ্দিন আহমেদ। প্রোগ্রাম মডারেটর ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক জি এম রাকিবুল ইসলাম।

উল্লেখ্য, উক্ত সেমিনারে নোবিপ্রবির সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদ, ব্যবসায় শিক্ষা অনুষদ, শিক্ষা বিজ্ঞান অনুষদ এবং আইন অনুষদের বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করেন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪